



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০২০/৪৫৩

তারিখ : ২৯ ফাল্গুন, ১৪২৭
১১ মার্চ, ২০২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০ সালের আলিম পরীক্ষার টেবুলেশন সীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডের ০৮ (আট) টি আঞ্চলিক কার্যালয় থেকে আগামী ২১/০৩/২০২১ তারিখ হতে বিতরণ করা হবে। ঢাকা বিভাগের মাদ্রাসাসমূহের টেবুলেশন সীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিতরণ করা হবে। স্ব-স্ব মাদ্রাসা প্রধানকে (মাদ্রাসার প্যাডে) আবেদন করতে হবে। আবেদনে অবশ্যই কমিটির সভাপতির প্রতি স্বাক্ষর থাকতে হবে। বিশেষ কারণে একই শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে টেবুলেশন সীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের দায়িত্ব দেয়া হলে মাদ্রাসা প্রধান কর্তৃক প্রাধিকার পত্র দিতে হবে এবং সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর সত্যায়ন করতে হবে।

উল্লেখ্য, কোন মাদ্রাসার গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি না থাকলে বা এ সংক্রান্ত কোন মামলা/মোকদ্দমা থাকলে আবেদন পত্র সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

উপরোল্লিখিত বিধি-বিধান অনুসরণ পূর্বক সকল মাদ্রাসা অধ্যক্ষকে টেবুলেশন সীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

মোঃ কামাল উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

ই-মেইল : controller@bmeb.gov.bd

২১-৬-২১